# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/ ৮৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ / ১৯ আগষ্ট ২০২৫

বিষয় : সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: ১। জনাব মো: আব্দুল ওয়াহহাব এর ১৭.০৪.২০২৫ইং তারিখের আবেদন;
২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০৩.১৯-২১৩ তারিখ:২৮/০৭/২০১৯ খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে পুনর্বহালের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে আবেদন করা হয়েছে। আবেদনে উল্লেখ করা হয়েছে ০৫.০৪.২০১৭ ইং তারিখে জনাব মো: আব্দুল ওয়াহহাবকে সাময়িক বরখাস্ত করা হয় এবং বেতন-ভাতা বন্ধ করা হয়। উক্ত বিষয়ে জনাব মো: আব্দুল ওয়াহহাব মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪১০০/২০১৭ মামলা দায়ের করেন।

০২. পরবর্তীতে তিনি কনটেম্পট পিটিশন নং-৩১৯/২০১৮ দায়ের করেন। কনটেম্পট পিটিশনের প্রেক্ষিতে সূত্রোক্ত ২নং স্মারক মূলে ডিসেম্বর ২০১৯ থেকে ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: পর্যন্ত জনাব মো: আব্দুল ওয়াহহাবকে বেতন ভাতা প্রদান করা হয়।

০৩. পরবর্তীতে মার্চ, ২০২৫ থেকে তার বেতন-ভাতা বন্ধ করা হলে সংক্ষুব্ধ হয়ে তিনি রিট পিটিশন নং- ৮০৭৩/২০২৫ দায়ের করেন। উক্ত মামলার রায়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৫/০৫/২০২৫ খ্রি: তারিখে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়: "Accordingly, the respondent No. 3 is directed to dispose of the letter of the petitioner dated 17.04.2025 (Annexure-J-1 to the writ petition) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order, in Accordance with law, without any fail".

০৪. মহামান্য হাইকোর্ট বিভাগ রেসপনডেন্ট নং-০৩ অর্থাৎ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে পিটিশনারের ১৭.০৪.২০২৫ খ্রি: তারিখের আবেদন খানা বিধিমোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেছেন। পিটিশনারের আবেদন খানা পর্যালোচনা করে দেখা যায় যে, পিটিশনারকে মার্চ, ২০২৫ থেকে অদ্যাবধি (১৯/০৮/২০২৫) বেতন ভাতা প্রদান করা হয় নি এবং তাকে সাময়িক বরখাস্ত করা হয় (তার আবেদনের বর্ণনামতে)।

০৫. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ খ্রি: তারিখে একটি সার্বজনীন নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনাটি নিম্নরূপ: "Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60 (sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60 (sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/ letter ends up in a final order".

০৬. এমতাবস্থায়, যেহেতু পিটিশনার জনাব মো: আব্দুল ওয়াহহাব এর বেতন-ভাতা বন্ধ করায় কোন প্রকার শো-কজ করা হয়নি বা তদন্ত করা হয়নি বা কোন কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদন করা হয়নি সেহেতু দীর্ঘ সময় ধরে তার বেতন-ভাতা বন্ধ রাখা বিধিসম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫খ্রি: তারিখের নির্দেশনামতে কোনো ব্যক্তিকে ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখার সুযোগ নেই। সেমতে পিটিশনার জনাব মো: আব্দুল ওয়াহহাব কে স্ব-পদে পুনর্বহাল পূর্বক তার বেতন-ভাতা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো। অত্র আদেশ প্রতিপালনে ব্যর্থ হলে মাদ্রাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে আইন ও বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৯.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি,
এডহক কমিটি/ম্যানেজিং কমিটি, সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা;
২। ভারপ্রাপ্ত সুপার,
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা;

১৯।৮।২৫

C:\Users\BMEB\Desktop\LETTER[1] (1) জরুরী.doc

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/ পাবনা-১২৬/ ৮৮/৩

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২
১৯ আগষ্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পাবনা;
২. উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ);
৩. জেলা শিক্ষা অফিসার, পাবনা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, ......................... শাখা, চাটমোহর, পাবনা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

C:\Users\BMEB\Desktop\LETTER[1] (1) জরুরী.doc